

**চট্টগ্রাম মেডিকেল কলেজ  
সংঘর্ষের ঘটনা তদন্তে  
দুটি কমিটি : ক্লাস  
শুরু কাল**

**চট্টগ্রাম ব্যুরো**

আজ রোববার থেকে খুলে দেয়া হচ্ছে চট্টগ্রাম মেডিকেল কলেজের (চমেক) ছাত্রাবাস এবং আগামীকাল সোমবার থেকে শুরু হবে ক্লাস। সিট দুইদলের ঘটনাকে কেন্দ্র করে, বৃহস্পতিবার রাত্রে ছাত্রদল ও ছাত্রশিবিরের মুখোমুখি সংঘর্ষের কারণে চমেক ছাত্রাবাস ও কলেজ বন্ধ ঘোষণা করে কর্তৃপক্ষ। পরে পুনরায় কর্তৃপক্ষের নফায় নফায় বৈঠকের পর আবারও ছাত্রাবাস ও কলেজ খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়।

এদিকে বৃহস্পতিবার রাতের ঘটনায় চমেক কর্তৃপক্ষ দুটি তদন্ত কমিটি গঠন করেছে। ঘটনার জন্য কারা দায়ী তা তদন্তের জন্য প্রফেসর ডা. ফয়সাল মোহাম্মদ আবদুর রউফকে প্রধান করে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি এবং সংঘর্ষে ক্ষয়ক্ষতি নিরূপণে প্রফেসর ডা. মহিবুল্লাহকে প্রধান করে ৫ সদস্য বিশিষ্ট অপর একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

চমেক সূত্র জানায়, সংঘর্ষের পর থেকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ধর্মত্যাগে অবস্থা বিরাজ করছে। মোতামেন করা হয়েছে অতিরিক্ত পুলিশ। ছাত্রাবাসে অবস্থানরত বিদেশী শিক্ষার্থীদের মধ্যেও আতঙ্ক বিরাজ করছে।

এ ব্যাপারে স্কুলেই অধ্যক্ষ ডা. এমএ

**শুরু কাল**

(১২ পৃষ্ঠার পর)

গোয়াব সংবাদকে বলেন, তাদের নিরাপত্তার জন্য আমরা ছাত্রাবাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করেছি। ঘটনার ব্যাপারে তিনি বলেন, তদন্ত রিপোর্ট পাওয়ার পরপরই আমরা সোধীদের বিরুদ্ধে ব্যবস্থা নেব।